



তারেক রহমানবিরোধী অপপ্রচারকারীরা গণতন্ত্রের শত্রু: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম: সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন, মিটফোর্ডের ঘটনার অজুহাতে একটি চক্র রাজনৈতিক বিভ্রান্তি তৈরি করে গণতন্ত্রকে ধ্বংস করতে চায়। তিনি স্পষ্টভাবে বলেন, যারা তারেক রহমানের বিরুদ্ধে অপপ্রচার চালায়, তারা আসলে গণতন্ত্রের বিরুদ্ধেই ষড়যন্ত্র করছে।

মিটফোর্ড হত্যাকাণ্ডকে ঘিরে দেশের রাজনীতিকে ভিলুখাতে প্রবাহিত করার অপচেষ্টা চলছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ সোমবার (১৪ জুলাই) বিকেলে নয়াপল্টনে ছাত্রদল আয়োজিত বিক্ষোভ সমাবেশে তিনি এ অভিযোগ করেন।

তিনি বলেন, “লন্ডনে অনুষ্ঠিত বৈঠকের পর ২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন আয়োজনের সিদ্ধান্তে অনেকে অস্থির হয়ে পড়েছে। নির্বাচন এড়াতে এবং বিএনপিকে বিতর্কিত করতে নতুন করে চক্রান্ত শুরু হয়েছে। মিটফোর্ডের ঘটনাও সেই চক্রান্তের অংশ।”

নেতাকর্মীদের সতর্ক করে মির্জা ফখরুল বলেন, “আপনারা কোনো উসকানিতে প্যা দেবেন না। ফাঁদে প্যা দিয়ে আন্দোলনকে ব্যর্থ হতে দেবেন না। যারা তারেক রহমানকে নিয়ে মিথ্যা তথ্য ছড়াচ্ছে, তারা গণতন্ত্রের শত্রু।”

তিনি আরও বলেন, “জাতীয় নির্বাচনের বিষয়ে যে সিদ্ধান্ত হয়েছে, সেটাই আমরা চাই। নির্ধারিত সময়েই নির্বাচন চাই, গণতন্ত্রের প্রশ্নে কোনো আপস নয়।”